# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**15 JANUARY 2025 7:45—7:55 PM IST**

==========================================================

(১) সশস্ত্র বাহিনী সমূহের দেশের জন্য করা সর্বোচ্চ ত্যাগকে সম্মান জানানোর উদ্দেশ্যে আজ দেশজুড়ে স্থল সেনা দিবস পালন/

(২) প্রত্যেকটি বিদ্যালয়ের উন্নয়নে জন্যে আট কোটি টাকা বিনিয়োগের মাধ্যমে রাজ্য সরকার বিদ্যালয় পরিকাঠামো ক্ষেত্রে বিপ্লবের সূচনা করেছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ/

(৩) মহাকুম্ভ-২০২৫কে ডিজিট্যাল মহাকুম্ভ হিসেবে বিবেচনা করে সবধরণের তথ্যের জন্যে কেন্দ্রীয় সরকারের kumbha.gov.in শীর্ষক একটি ওয়েবসাইটের উদ্বোধন/

এবং

(৪) তিনদিনের বর্ণাঢ্য কার্যসূচী নিয়ে আগামীকাল থেকে ঐতিহাসিক জোনবিল মেলা আরম্ভ/

---

সশস্ত্র বাহিনীর জওয়ানদের দেশের জন্য সর্বোচ্চ ত্যাগকে সম্মান জানানোর উদ্দেশ্যে আজ দেশের বিভিন্ন প্রান্তে স্থল সেনা দিবস পালিত হচ্ছে ।এই দিবস ভারতীয় সেনা

বাহিনীর অসীম সাহস , দেশের প্রতি কর্ত্তব্যনিষ্ঠা এবং মাতৃভূমির প্রতি সেবার মনোভাবকে প্রতিফলিত করে ।উল্লেখ্য ভারতীয় সেনার তখনকার জেনারেল কে এম কারিয়াপ্পা ১৯৪৯ সালে বৃটিশ সেনাবাহিনীর শেষ প্রধানের কাছ থেকে ভারতীয় সেনার দায়িত্বভার গ্রহণ করে ভারতীয় স্থলসেনা বাহিনীর প্রধান হিসেবে পরিগণিত হওয়ার দিনটিকে স্মরণ করতে এই দিবস পালন করা হয় ।
রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এই দিবস উপলক্ষে ভারতীয় সেনা বাহিনীর আধিকারিক , জওয়ান ও তাদের পরিবারের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেন ।রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু  স্থলসেনা দিবস উপলক্ষে এক বার্তায় দেশের সুরক্ষা সুনিশ্চিত করার ক্ষেত্রে সেনা বাহিনীর গুরুত্বপূর্ণ ভূমিকার ওপর আলোকপাত করেন ।সৈনিকদের সাহসের প্রসংশা করে শ্রীমতি মুর্মু বলেন যে সৈনিকরা দেশের সীমান্ত সুরক্ষার জন্য অবিরতভাবে বীরত্ব এবং উচ্চ পেশাদারিত্বের পরিচয় বহন করে আসছে  ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই দিবস উপলক্ষে এক বার্তায় বলেন যে ভারতীয় সেনা দৃঢ়তা ,পেশাদারিত্ব ও নিষ্ঠার প্রতীক ।প্রাকৃতিক বিপর্যয়ের সময় সৈনিকরা মানবিক সাহায্য প্রদানের ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে বলেও তিনি মন্তব্য করেন ।
এক বার্তায় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন যে অদম্য সাহস ও কর্ত্তব্যনিষ্ঠার নিদর্শনের মাধ্যমে ভারতীয় সেনাবাহিনী বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ সেনা বাহিনী হিসেবে পরিগণিত হয়েছে ।তিনি দেশের জন্য জীবন উৎসর্গ করা সেনা জওয়ানমদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন ।

---

চিফ অব ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান ৭৭ তম স্থলসেনা দিবস উপলক্ষে সেনাবাহিনীর আধিকারীক , জওয়ানদের শুভেচ্ছা জানিয়েছেন ।এক বার্তায় তিনি বলেন যে দেশের নিরাপত্তা এবং একতার ক্ষেত্রে সেনা বাহিনী মূল আধার হিসেবে দাঁড়িয়ে রয়েছে ।বর্তমান সময়ে যুদ্ধের পরিবর্তিত প্রেক্ষাপট এবং প্রযুক্তির বর্ধিত ব্যবহারের ওপর আলোকপাত করে জেনারেল চৌহান বলেন যে উন্নত প্রযুক্তি এবং ভূ-রাজনৈতিক ব্যবস্থার পরিবর্তনের ফলসরূপ আধুনিক যুদ্ধের শৈলী দ্রুতগতিতে বৃদ্ধি পাচ্ছে ।এই ক্ষেত্রে প্রতিপক্ষ থেকে এগিয়ে থাকার জন্য সেনাবাহিনীর রণনীতি এবং যুদ্ধ কৌশল প্রযুক্তিগতভাবে শক্তিশালী হতে হবে বলে তিনি মত ব্যাক্ত করেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মুম্বাইয়ের নৌসেনা বাহিনীর পোতাশ্রয়ে তিনটি প্রথম সারির জাহাজ, যথাক্রমে- আই এন এস-সুরাট, আই এন এস নীলগিরি এবং আই এন

এস ওয়াঘশি'কে নৌসেনা বাহিনীতে অর্ন্তভুক্ত করেছেন । এই জাহাজগুলি নৌসেনা বাহিনীতে অর্ন্তভুক্ত হওয়ায় দেশের প্রতিরক্ষা বাহিনী আরও শক্তিশালী হয়ে উঠবে এবং আত্মনির্ভর ভারতের উদ্যমকে গতি প্রদান করবে । এই তিনটি যুদ্ধ জাহাজ প্রতিরক্ষা নির্মাণ এবং সমুদ্র এলাকার সুরক্ষার ক্ষেত্রে বিশ্ব পর্যায়ের নেতৃত্ব হিসেবে পরিগণিত হবার বিষয়ে ভারতের স্বপ্ন বাস্তবায়িত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে বিবেচিত হয়েছে ।

'নীলগিরি' নামের জাহাজটি সহজে রাডারের আওতায় আসে না । অনুরূপভাবে অত্যাধুনিক সুযোগ সুবিধায় সুসজ্জিত 'সুরাট' নামের যুদ্ধ জাহাজটিও ক্ষমতা এবং যোগ্যতার দিক দিয়েও বিশেষভাবে উন্নত । অত্যাধুনিক বিমান পরিবহণ সুবিধায় সুসজ্জিত 'নীলগিরি' ও 'সুরাট' জাহাজ দুটির দিনে এবং রাতে অভিযান চালানোর মতো বিভিন্ন ধরণের হেলিকপ্টার সঞ্চালনার সুবিধা রয়েছে । 'ওয়াঘশি' জাহাজটি বিশ্বের বহুমুখী ডিজেল-বিদ্যুৎ সাবমেরিন সমূহের মধ্যে অন্যতম ।

---------------------------------------------------------------------------------------

আসাম সরকার বিশ্বমানের সুযোগ-সুবিধা সহ রাজ্যের প্রতিটি বিদ্যালয়ের উন্নয়নের জন্যে আট কোটি টাকা বিনিয়োগ করে বিদ্যালয়গুলির পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে বিপ্লবের সূচনা করেছে। আজ কামরূপ জেলার বেজেরা আদর্শ বিদ্যালয়ের নবনির্মিত ভবনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা বলেন যে- চলতি বছরে এধরণের আরো ৪৯৯টি বিদ্যালয় চালু করা হবে । আসামের বিদ্যালয় শিক্ষার জন্য এটি ঐতিহাসিক বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে- সরকার দুঃস্থ ও মধ্যবিত্ত পরিবারের শিশুদের প্রকৃত সবলীকরণের উদ্দেশ্যে পরবর্তী পাঁচ বছরে এধরণের পাঁচ হাজারটি বিদ্যালয় নির্মাণের লক্ষ্য স্থির করেছে । তিনি বলেন যে- এরফলে শিশুরা সরকারী বিদ্যালয়ে উত্তম শিক্ষা লাভ করতে সমর্থ হবে । ডঃ শর্মা একইসঙ্গে বলেন যে- আসামের মতো একটি রাজ্যের জন্য কিছু বছর পূর্বেও অত্যাধুনিক পরিকাঠামোর বিদ্যালয় নির্মাণের জন্য চার হাজার কোটি টাকা ব্যয়ের কথা ভাবা সম্ভব ছিল না । তবে প্রাথমিক থেকে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, বিশ্ববিদ্যালয় সহ মেডিকেল কলেজ এবং ইন্ডিয়ান ম্যানেজমেন্ট ইনস্টিটিউটের মাধ্যমে বর্তমানে আসাম দেশকে পথ দেখাতে সক্ষম হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় জাতীয় কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে এবং কংগ্রেস সংসদীয় দলের অধ্যক্ষ সোনিয়া আজ নতুন দিল্লীতে দলের নতুন মুখ্য কার্যালয় ইন্দিরা ভবনের উদ্বোধন করেন ।অনুষ্ঠানে লোকসভার বিরোধী দলের নেতা রাহুল গান্ধী , সাংসদ

প্রিয়াংকা গান্ধী ভদ্রা , দলের মুখ্য সচিব কে সি বেণুগোপাল সহ দলের অন্যান্য শীর্ষ নেতারা উপস্থিত ছিলেন ।অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে শ্রী খার্গে বলেনযে গণতন্ত্র , জাতীয়তাবাদ , ধর্মনিরপেক্ষতা , সামগ্রিক বিকাশ এবং সামাজিক ন্যায়ের আদর্শে এই নতুন ভবনটি নির্মাণ করা হয়েছে ।দলের এই নতুন মুখ্য কার্যালয় ভারতীয় জাতীয় কংগ্রেসের ১৪০ বছরের গৌরবময় ইতিহাসকে চিহ্নিত করছে বলে শ্রী খার্গে জানান ।

---

মহাকুম্ভ-২০২৫ শুধুমাত্র ভারতের সর্ববৃহৎ আধ্যাত্মিক সমাবেশ হিসেবেই পরিচিত হয়নি, বরং লক্ষ লক্ষ ভক্তের অংশগ্রহণে সমগ্র বিশ্বের জন্যে একটি সাংস্কৃতিক কার্যসূচী হিসেবে পরিগণিত হয়েছে । প্রয়াগরাজ থেকে আমাদের আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে- এবছর বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে মহাকুম্ভের গুরুত্ব এবং পরম্পরা সম্পর্কে অগণিত লোক তথ্য জানতে চেয়েছেন । বিশ্ববাসীর এই অনুসন্ধিৎসা দূর করার জন্য সরকার মহাকুম্ভ-২০২৫কে ডিজিট্যাল মহাকুম্ভ হিসেবে বিবেচনা করে kumbha.gov.in শীর্ষক একটি ওয়েবসাইট চালু করেছে । এই ওয়েব সাইটের মাধ্যমে ভক্ত এবং পর্যটকগণ মহাকুম্ভের পরম্পরা এবং গুরুত্ব থেকে আরম্ভ করে যাতায়াত, থাকার ব্যবস্থা সহ মেলার যাবতীয় তথ্য লাভ করতে পারবেন । এবারের মহাকুম্ভে ১৫ লক্ষেরও বেশি বিদেশী পর্যটকের আগমন ঘটবে বলে আশা করা হচ্ছে ।

---

জাগীরোডের জোনবিলের পারে আগামীকাল থেকে তিনদিন ব্যাপী কার্যসূচীর মাধ্যমে ঐতিহাসিক গোভা দেওরাজার পরম্পরাগত জোনবিল মেলা শুরু হচ্ছে ।এই মেলায় প্রতিবছরের মতো এবারও পাহাড় সমতলের বিভিন্ন জাতি জনগোষ্ঠির লোকেদের সম্প্রীতির নিদর্শন পরিলক্ষিত হবে ।আগামীকাল সকালে পাহাড়ী লোকেরা সামগ্রী বিনিময় করার জন্য মেলায় আসবেন ।এরপর আগামী শুক্রবার ভোরে ঐতিহাসিক বিনিময় হাট উদ্বোধন করা হবে ।এই মেলায় মধ্য আসামের ২২ জন তিওয়া রাজাকে রাজভাতা প্রদান করা হবে ।উল্লেখ্য গোভা দেওরাজার বিবাহ অনুষ্ঠানের ইতিহাস জড়িত এই মেলায় পারস্পরিক বিনিময় প্রথার হাট বসানো হয় ।আসাম সহ পার্শ্ববর্তী মেঘালয়ের বেশ কয়েকটি গ্রামের জনসাধারণ প্রতিবছর এই মেলায় স্থানীয়ভাবে উৎপাদিত কৃষিজাত সামগ্রী বিনিময় করে ।এই মেলায় দলগতভাবে মাছ ধরা সহ পরম্পরাগত বিভিন্ন খেলাধূলো , বিহু নৃত্য , সঙ্গীত ইত্যাদিও অনুষ্ঠিত হবে ।

---

ডিমা হাসাও জেলার মাইবাঙের খাসমাইপুরে আজ ডিমাসা ঐতিহ্য সংগ্রহালয় এবং ডিগ্নু গবেষণা কেন্দ্র আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে । এই উপলক্ষে আয়োজিত

অনুষ্ঠানে উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মুখ্য কার্যবাহী সদস্য দেবোলাল গারলোসা উপস্থিত ছিলেন । কাছাড়ি রাজাদের ঐতিহ্যমন্ডিত রাজধানী মাইবঙে থাকা স্থাপত্য ও ভাস্কর্য সমূহের বিষয়ে গবেষণার প্রয়োজন রয়েছে বলে উল্লেখ করে শ্রী গারলোসা বলেন যে- এই সংগ্রহালয় এবং গবেষণা কেন্দ্রের মাধ্যমে ডিমাসা সংস্কৃতি এবং ঐতিহ্যের সংরক্ষণ ও প্রচারে গুরুত্ব দেওয়া হবে । উদ্বোধনী অনুষ্ঠানে উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের অন্যান্য সদস্যরাও উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং ময়নাগড় চা বাগানের স্বামী বিবেকানন্দ সেবা সমিতির ব্যবস্থাপনায় আগামী ২০ শে জানুয়ারী চাবাগানের নাচঘরে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগ আগামীকাল থেকে শিলচরে পুরনো গ্রামোন্নয়ন সংস্থার সম্মেলন কক্ষে দশ দিনের বিশেষ প্রশিক্ষন কর্মশালা অনুষ্ঠিত হবে । কর্মশালায় ১৮ থেকে ৪৫ বছরের ইচ্ছুক প্রশিক্ষার্থীরা পোলট্রি ফার্মের উপর প্রশিক্ষন নিতে পারবেন । প্রশিক্ষন শেষে প্রশিক্ষার্থীদের শংসা পত্র প্রদান করা হবে ।

---------------------------------------------------------------------------------

সারা ভারত কৃষক সভার সোনাবাড়ীঘাট আঞ্চলিক কমিটির যুগ্ম-সম্পাদক তথা ধামালিয়া বেণীমাধব এম ই স্কুলের প্রাক্তন শিক্ষক আব্দুল মতিন বড়ভুইয়া গত ১৩ই জানুয়ারী শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৭১ । আব্দুল মতিন বড়ভুইয়া দীর্ঘ দিন থেকে ক্যান্সারে আক্রান্ত ছিলেন । সারা ভারত কৃষক সভার কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে আব্দুল মতিন বড়ভুইয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------